গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

ঢাকা, রোববার ১৫ ফেব্রুয়ারি ২০১৫, ৩ ফাল্গুন ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। তৃতীয় শীতলক্ষ্যা সেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন প্রধানমন্ত্রী
২। নৃশংস কর্মকাণ্ডের বিরুদ্ধে জনমত গড়ে তুলুন : প্রধানমন্ত্রী
৩। ব্যবসায়ীদের ক্ষতি বিবেচনা করবে সরকার : বাণিজ্যমন্ত্রী
৪। আইসিটি খাতে বিশ্বের বড় বড় কোম্পানির বিনিয়োগের সম্ভাবনা : এবারের মেলায় উৎসাহব্যঞ্জক সাড়া
৫। দেশে অপুষ্টিতে আক্রান্ত নারীর সংখ্যা কমেছে
৬। গ্যাস চুরি বন্ধে রাজধানী জুড়ে বসছে প্রিপেইড মিটার
৭। আগামী পাঁচ বছরে দেশে ও দেশের বাইরে ১ কোটি ৩২ লাখ নতুন কর্মসংস্থান
৮। বস্ত্র খাতের উন্নয়নে ৫০ কোটি ডলারের তহবিল হচ্ছে
৯। ব্লাড ব্যাংকের রক্তে জটিল রোগের জীবাণু শনাক্ত
১০। অবরোধ-হরতালে ৪০ দিনে বিআরটিসির ক্ষতি ২৩ কোটি টাকা

চলমান পাতা/২

১। তৃতীয় শীতলক্ষ্যা সেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে নারায়ণগঞ্জের বন্দরের বহু প্রতীক্ষিত তৃতীয় শীতলক্ষ্যা সেতু ও ঢাকা-সিলেট মহাসড়কের ভুলতায় চারলেনের ফ্লাইওভার নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। প্রধানমন্ত্রী গতকাল ১৪ ফেব্রুয়ারি শনিবার গণভবন থেকে এবং নারায়ণগঞ্জ জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ থেকে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের ভিডিও কনফারেন্সে যোগদেন। কনফারেন্সে এই দুটি প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। সূত্র-প্রথম আলো (পৃ.৪,ক.১), সংবাদ (শেষ পৃ.,ক.১), ইনকিলাব (শেষ পৃ.,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.৩)।

২। নৃশংস কর্মকাণ্ডের বিরুদ্ধে জনমত গড়ে তুলুন : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্দোলনের নামে মানুষ হত্যাকারীদের বিরুদ্ধে জনমত গড়ে তুলতে আলেম ও মাশায়েখদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল ১৪ ফেব্রুয়ারি শনিবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে তরীকত ফেডারেশন আয়োজিত আন্তর্জাতিক সুফি সম্মেলন উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। তিনি আরও বলেন, আমরা চাই, বাংলাদেশসহ সারাবিশ্বে শান্তি প্রতিষ্ঠা হোক। মানুষ পুড়িয়ে মারার এই নৃশংসতা কখনোই সহ্য করা যায় না। সূত্র-সমকাল (পৃ.১,ক.২), ইনকিলাব (পৃ.১,ক.৩), প্রথম আলো (পৃ.২,ক.৩), নিউজ টুডে (পৃ.১,ক.৩), ডেইলি সান (শেষ পৃ.,ক.৩)।

৩। ব্যবসায়ীদের ক্ষতি বিবেচনা করবে সরকার : বাণিজ্যমন্ত্রী

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, অবরোধ-হরতালসহ রাজনৈতিক সহিংসতায় ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের ক্ষতি সহানুভূতির সঙ্গে বিবেচনা করবে সরকার। তিনি বলেন, এ অবস্থায় করণীয় নির্ধারণ করতে শিগগিরই ব্যবসায়ী উপদেষ্টা কমিটির সভা আহ্বন করা হবে। গতকাল ১৪ ফেব্রুয়ারি শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ড্রাস্টির (ডিসিসিআই) নতুন পরিচালনা পর্ষদের নেতাদের সঙ্গে মতবিনিময়কালে বাণিজ্যমন্ত্রী এ কথা বলেন। সূত্র-সমকাল (শেষ পৃ.,ক.১), প্রথম আলো (পৃ.১৩,ক.২), ইনকিলাব (পৃ.১৮,ক.৩), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৩)।

৪। আইসিটি খাতে বিশ্বের বড় বড় কোম্পানির বিনিয়োগের সম্ভাবনা : এবারের মেলায় উৎসাহব্যঞ্জক সাড়া

এবারের তথ্য প্রযুক্তি মেলা (আইসটি) দেশের জন্য বড় ধরনের অর্জন বয়ে এনেছে। ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়নের (আইটিইউ) মহাসচিব হোলিন জাও বাংলাদেশের তথ্য প্রযুক্তি শিল্পে বিশ্বের বড় বড় কোম্পানিকে বিনিয়োগের আহ্বান জানিয়েছেন। তিনি বাংলাদেশের তথ্য প্রযুক্তির অভূতপুর্ব উন্নয়নে সন্তোষ প্রকাশ করেছেন। ২০১৫ মেলার অর্জন নিয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক সাংবাদিকদের বলেন, এবারের মেলা আইসিটি খাতে ব্যাপক উন্নয়ন ঘটেছে, যা ভবিষ্যত প্রজন্মের জন্য কাজে লাগবে। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২)।

৫। দেশে অপুষ্টিতে আক্রান্ত নারীর সংখ্যা কমেছে

দেশে মারাত্মক অপুষ্টিতে আক্রান্ত নারীর সংখ্যা কমছে। ২০১২ সালের তুলনায় ২০১৩ সালে এ হার অর্ধেকে নেমে এসেছে। ২০১২ সালে শতকরা চারজন থেকে পরের বছর তা কমে দাঁড়ায় দুইজনে। এ ক্ষেত্রে বাংলাদেশ দ্রুত উন্নতি করছে। গতকাল ১৪ ফেব্রুয়ারি শনিবার রাজধানীর ব্র্যাক সেন্টারে 'বাংলাদেশে খাদ্য নিরাপত্তা ও পুষ্টি পরিস্থিতি : ২০১৩' শীর্ষক প্রতিবেদন অনুষ্ঠানে এ তথ্য জানানো হয়। সূত্র-সমকাল (পৃ.১৭,ক.১), প্রথম আলো (পৃ.৩,ক.৩), জনকণ্ঠ (পৃ.৩,ক.৩), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.২)।

৬। গ্যাস চুরি বন্ধে রাজধানী জুড়ে বসছে প্রিপেইড মিটার

গ্যাস চুরি ও অপচয় রোধে ঢাকা শহরের আবাসিক সংযোগে গ্যাসের আরও প্রিপেইড মিটার বসাচ্ছে সরকার। প্রাথমিকভাবে ২ লাখ বাসাবাড়িতে দেওয়া হবে এসব মিটার। এজন্য জাপানভিত্তিক দাতা সংস্থা জাইকা প্রায় সাড়ে ৪শ' কোটি টাকার সহায়তা দেবে। এজন্য নেওয়া হচ্ছে নতুন প্রকল্প। পরিকল্পনা কমিশন সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্র-যুগান্তর (পৃ.৩,ক.২)।

৭। আগামী পাঁচ বছরে দেশে ও দেশের বাইরে ১ কোটি ৩২ লাখ নতুন কর্মসংস্থান

অভ্যন্তরীণ অর্থনীতি গতিশীল রাখা এবং প্রবাসী আয় বৃদ্ধিতে আগামী পাঁচ বছরে দেশে ও দেশের বাইরে নতুন ১ কোটি ৩২ লাখ কর্মসংস্থান সৃষ্টি করা হবে। একই সঙ্গে মোট দেশজ উৎপাদন (জিডিপি) প্রবৃদ্ধি ৮ শতাংশে উন্নীত করা হবে। সরকারের সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনায় (২০১৬-২০২০ সাল) এসব লক্ষ্যমাত্রা ধরা হচ্ছে। পরিকল্পনা মন্ত্রণালয় সূত্রে এসব তথ্য জানা গেছে। সূত্র-যায়যায়দিন (পৃ.৫,ক.৪), জনকণ্ঠ (পৃ.১৮,ক.৪)।

৮। বস্ত্র খাতের উন্নয়নে ৫০ কোটি ডলারের তহবিল হচ্ছে

বস্ত্র খাতের টেকসই উন্নয়নে ৫০ কোটি ডলারের বিশেষ তহবিল গঠন করবে বাংলাদেশ ব্যাংক। দেশে পরিবেশবান্ধব শিল্পকারখানা গড়ে তোলার কাজে ব্যয় করা হবে এ তহবিলের অর্থ। বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান পলিসি রিসার্চ ইনস্টিটিউট (পিআরআই) আয়োজিত এক সেমিনারে গতকাল ১৪ ফেব্রুয়ারি শনিবার বাংলাদেশ

ব্যাংকের গভর্নর আতিউর রহমান এ তথ্য জানান। সূত্র-প্রথম আলো (পৃ.১৩,ক.৩), জনকণ্ঠ (পৃ.৩,ক.৩), ইত্তেফাক (পৃ.১৮,ক.৩), ডেইলি সান (শেষ পৃ.,ক.৪)।

৯। ব্লাড ব্যাংকের রক্তে জটিল রোগের জীবাণু শনাক্ত

রক্ত পরিসঞ্চালন কেন্দ্রগুলো বা ব্লাড ব্যাংকগুলোতে সংগৃহীত প্রায় সাড়ে ছেচল্লিশ হাজার ইউনিট রক্তে নানা জটিল রোগের জীবাণু শনাক্ত হয়েছে। রোগগুলোর মধ্যে রয়েছে এইডস, হেপাটাইটিস-সি হেপাটাইটিস-বি, সিফিলিস ও ম্যালেরিয়া। স্বাস্থ্য অধিদফতর সূত্রে এ তথ্য জানা গেছে। বিশেষজ্ঞরা বলছেন, অনিরাপদ রক্ত গ্রহণের কারণে একজনের জটিল রোগ আরেকজনের শরীরে সংক্রমণের ঘটনা ঘটছে। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২)।

১০। অবরোধ-হরতালে ৪০ দিনে বিআরটিসির ক্ষতি ২৩ কোটি টাকা

লাগাতার অবরোধ ও হরতালের কারণে গত ৪০ দিনে রাষ্ট্রায়ত্ত পরিবহণ সংস্থা বিআরটিসির বাসে অগ্নিসংযোগ ও ভাঙচুর ঘটনায় প্রায় দেড় কোটি টাকা ক্ষতির সম্মুখীন হচ্ছে সংস্থাটি। এছাড়া বাস চলাচল বন্ধ থাকায় রাজস্ব ক্ষতি হচ্ছে ২৩ কোটি টাকা। প্রতিদিন প্রায় ৬০ লাখ টাকার ক্ষতির শিকার হচ্ছে। গত ৪০ দিনে সর্বমোট প্রায় ২৪ কোটি টাকার ক্ষতির সম্মুখীন হচ্ছে বলে সংস্থাটি সূত্রে জানায়। সূত্র-সংবাদ (শেষ পৃ.১, ক.২)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো,ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট : বিরোধী পক্ষ আবারও হরতাল দেওয়ায় নিন্দা জানিয়ে জনগণের জানমালের ক্ষতি করে গণতান্ত্রিক অধিকার আদায় করা যায়না বলে মন্তব্য;

খ. ইত্তেফাক : বিশ্বে মিঠাপানির মৎস্য উৎপাদনে বাংলাদেশ এ বৎসরও চতুর্থ অবস্থানে থাকায় স্বস্তি প্রকাশ করে এ সাফল্যের ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত;

গ. জনকণ্ঠ : বাংলাদেশ সফটওয়্যার রপ্তানি করে এক বিলিয়ন মার্কিন ডলারের বেশি আয় করেছে উল্লেখ করে তথ্যপ্রযুক্তির সরঞ্জাম ও উপকরণ বিদেশের বাজারে বড় ধরনের জায়গা করে নিয়েছে বলে মন্তব্য;

ঘ. সংবাদ : রাজধানীর মিটফোর্ড পাইকারী ওষুধ মার্কেটসহ দেশের বিভিন্ন ওষুধ মার্কেটে নকল অ্যান্টিবায়োটিক ওষুধ হওয়ার জন্য দায়ী সিন্ডিকেটের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি;

ঙ. ইন্ডিপেনডেন্ট : পদ্মা ব্যারেজ প্রজেক্টের কাজ পদ্মা সেতুর মতই বাংলাদেশের জন্য গুরুত্বপূর্ণ বিধায় এই প্রজেক্টের কাজ গুরুত্বের সাথে সম্পন্নের সুপারিশ;

চ. ডেইলি সান : নিরাপদ খাদ্য সুনিশ্চিত করতে বিদ্যমান আইনের কঠোর বাস্তবায়নের আহ্বান;

ছ. নিউজ টুডে, সমকাল : এসএসসি ও সমমানের পরীক্ষার্থীদের মানবিক চাপ ও দুর্ভোগ বিবেচনায় নিয়ে রাজনীতিবিদদের এ ব্যাপারে সহনশীল কর্মসূচি দেওয়ার সুপারিশ;

জ. নিউ এজ, সমকাল : পায়রা নদীতে ট্রলার ডুবিতে সাত জনের মৃত্যু ঘটনায় অভ্যন্তরীণ নৌপরিবহণ কর্তৃপক্ষকে এ ধরনের দুর্ঘটনা প্রতিরোধে মনিটরিং ব্যবস্থা জোরদার করার আহ্বান;

ঝ. ফিনানসিয়াল এক্সপ্রেস : দেশের বিভিন্ন আদালতে কর সংক্রান্ত প্রায় ২৩ হাজার মামলা অল্টারনেটিভ ডিসপুট রেজুলিউশন (এডিআর) এর মাধ্যমে নিষ্পত্তির ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত কলামে ডিজিটাল বাংলাদেশ গড়তে হলে সবার আগে প্রয়োজন ডিজিটাল প্রযুক্তিজ্ঞান সম্পন্ন মানুষ ও মানসিকতা বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত ‘বিষমুক্ত কৃষি উৎপাদন ও নিরাপদ খাদ্য’ শিরোনামের নিবন্ধে শাহ মো. জিয়াউদ্দিন বিষমুক্ত কৃষি উৎপাদনের মাধ্যমে নিরাপদ খাদ্য পেতে হলে জৈব প্রযুক্তির ব্যবহার বাড়াতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘন্টা